দৈনিক বাংলা

C46

তারিখ ... 02 SEP 1987 ...
পৃষ্ঠা ... 1 কলাম 5 ...

# ঢাকা ভার্সিটিতে সন্ত্রাসঃ তদন্ত কমিটির রিপোর্ট পেশ

॥ স্টাফ রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ে জুন-জুলাই মাসে সংঘটিত সন্ত্রাস সম্পর্কে অনুসন্ধানের জন্যে গঠিত তদন্ত কমিটি মঙ্গলবার ভাইস-চ্যান্সেলরের নিকট রিপোর্ট পেশ করেছে। এ রিপোর্ট বিবেচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার সুপারিশ করার জন্যে তা ইতিমধ্যে ডিসিপ্লিনারী কমিটিতে পাঠানো হয়েছে।

ভাইস-চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান গতকাল বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদের সভায় একথা জানান। প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত

৫-এর পৃঃ দ্রঃ

## রিপোর্ট পেশ

(প্রথম পৃঃ পর)

এ সভায় বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা, শিক্ষক প্রতিনিধি এবং বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ বক্তৃতা দেন।

বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর মনিরুজ্জামান মিয়া বলেন, দুঃখজনক হলেও সত্য যে দীর্ঘদিন ধরে বন্ধ থাকা সত্ত্বেও বিশ্ববিদ্যালয় খোলার জন্যে অভিভাবক মহল থেকে কোন সোচ্চার দাবী ওঠেনি। তিনি দুঃখ প্রকাশ করে আরও বলেন যে ক্যাম্পাসে সন্ত্রাস দমনের জন্যে ছাত্র সংগঠনের সঙ্গে যুক্ত রাজনৈতিক দলগুলো সহযোগিতামূলক তৎপরতা দেখাচ্ছে না।

ছাত্র সংগঠনের প্রতিনিধিদের মধ্যে বক্তৃতা করেন আসাদুজ্জামান রিপন, মুশতাক হোসেন, মোহাম্মদ তাহেরউল্লাহ, সুলতান মোহাম্মদ মনসুর আহমদ, কাজী আবদুল্লাহ আল মামুন, নুরুল ফজল প্রমুখ।

তাঁরা অবিলম্বে তদন্ত কমিটির রিপোর্ট প্রকাশ এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণের দাবী জানান। একই সঙ্গে ছাত্র নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার আহ্বান জানিয়ে বলেন এবার খোলার পর বিশ্ববিদ্যালয়ে যাতে লেখাপড়া, পরীক্ষা গ্রহণ ইত্যাদি সুষ্ঠুভাবে চলে তার নিশ্চয়তা বিধান করতে হবে। পুনরায় যেন ক্যাম্পাসে সন্ত্রাসের আলামত দেখা না যায়।

জাতীয়তাবাদী ছাত্রদলের সভাপতি আসাদুজ্জামান রিপন বলেন, সন্ত্রাস সম্পর্কে তদন্ত কমিটির রিপোর্টে যদি কমিটির কারও রাজনৈতিক মনোভাবের প্রকাশ ঘটে তবে তা মেনে নেয়া যাবে না। তাঁর সংগঠনের নেতৃস্থানীয় কেউ সন্ত্রাসের সঙ্গে জড়িত নয় বলেও তিনি উল্লেখ করেন।

এদিকে ভিসি প্রফেসর আবদুল মান্নান সাংবাদিকদের বলেছেন, তদন্ত কমিটির রিপোর্ট অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বিশ্ববিদ্যালয় প্রশাসন [illegible]

থেকে মধ্য জুলাই পর্যন্ত ক্যাম্পাসে সংঘটিত সন্ত্রাস, বিশ্ববিদ্যালয় প্রশাসন ও শিক্ষকদের সঙ্গে দুর্ব্যবহার এবং আইন-শৃংখলা পরিপন্থী কার্যকলাপ নিয়ে কমিটি তদন্ত চালিয়েছে। তদন্ত কমিটির রিপোর্টে সন্ত্রাসের জন্যে কতজনকে অভিযুক্ত করা হয়েছে প্রশ্নের জবাবে ভিসি বলেন, বর্তমান মুহূর্তে কমিটির রিপোর্ট সম্পর্কে এর বেশি কিছু বলা সম্ভব নয়। বিশ্ববিদ্যালয়ের সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে অবহিত করার জন্যে সিন্ডিকেটের একটি প্রতিনিধিদল প্রেসিডেন্টের সঙ্গে সাক্ষাৎ করবে বলেও তিনি জানান।

উল্লেখ্য আইন অনুষদের ডীন জনাব হামিদউদ্দিন খানের নেতৃত্বে তদন্ত কমিটি গঠন করা হয়।